দৈনিক
জনকণ্ঠ

তারিখ 2 JUL 2003
পৃষ্ঠা ৩ কলাম ২

# ঢাবির চার বছর মেয়াদী অনার্স পূর্বের অনার্স ও মাস্টার্সের সমতুল্য

বিশ্ববিদ্যালয় রিপোর্টার ॥ ঢাকা বিশ্ববিদ্যালয়ের চার বছর মেয়াদী অনার্স ডিগ্রী পূর্বের চার বছরে (তিন বছর অনার্স+এক বছর মাস্টার্স) সমাপ্ত অনার্স ও মাস্টার্স ডিগ্রীর সমতুল্য হবে। বিশ্ববিদ্যালয় পর্যায়ে শিক্ষকতা ছাড়া অন্য যে কোন চাকরির ক্ষেত্রে চার বছর মেয়াদী অনার্স ডিগ্রীধারিগণ পূর্বের মাস্টার্স ডিগ্রীধারীদের সঙ্গে দরখাস্ত করার যোগ্যতা রাখবে।

সোমবার ঢাকা বিশ্ববিদ্যালয়ের বার্ষিক সিনেট অধিবেশনে বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক এসএমএ ফায়েজ এই ঘোষণা দেন। উপাচার্যের এই ঘোষণার মধ্যে দিয়ে চার বছর মেয়াদী অনার্স ডিগ্রী নিয়ে যে দীর্ঘদিন ধরে বিতর্ক চলছিল তার অবসান হতে চলছে। তবে উপাচার্য চার বছর মেয়াদী অনার্স ডিগ্রীধারীদের প্রফেশনাল সার্টিফিকেট দেয়া হবে কি-না সে বিষয়ে স্পষ্ট কোন বক্তব্য দেননি। বিশ্বের অন্যান্য বিশ্ববিদ্যালয়ের সঙ্গে সামঞ্জস্য রেখে ১৯৯৭ সাল থেকে ঢাকা বিশ্ববিদ্যালয়েও তিন বছর মেয়াদী অনার্স কোর্সের পরিবর্তে চার বছর মেয়াদী অনার্স কোর্স চালু করে। কিন্তু চার বছর মেয়াদী অনার্স ডিগ্রীর মান কি হবে সে বিষয়ে কোন সুরাহা দীর্ঘদিনেও হয়নি। অবশেষে উপাচার্যের এই বক্তব্যের মধ্যে দিয়ে দীর্ঘদিনের এই বিতর্কের অবসান হতে যাচ্ছে বলে অনেকে মন্তব্য করেছেন। উপাচার্য অধ্যাপক এসএমএ ফায়েজ তাঁর বক্তব্যে যুগোপযোগী ও প্রয়োজনীয় শিক্ষা সম্প্রসারণের জন্য ঢাকা বিশ্ববিদ্যালয়ের সকল বিভাগ ও ইনস্টিটিউটের শিক্ষা কার্যক্রমকে গ্রেডিং পদ্ধতির আওতাভুক্ত করা হবে বলে ঘোষণা দেন।